

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং:- ২৪.০০.০০০০.১১৯.১৮.০০৩.১২ (অংশ-১).১৪৩

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের গত ২২/১১/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১. ২২০৬.১৭ - ৪১২ নং স্মারকের সুপারিশ অনুযায়ী নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ২২,০০০ - ৫৩,০৬০/- (৯ম গ্রেড) টাকা বেতনক্রম ও অন্যান্য সুবিধাদিসহ পাট অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ১ম শ্রেণির (নন-ক্যাডার) সহকারী পরিচালক পদে অস্থায়ীভাবে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ-


ক্রঃ নং	নাম, পিতার নাম, মাতার নাম ও ঠিকানা
০১.	জনাব মোঃ জাহিদুল ইসলাম, রেজিঃ নং-০০০০৪১, পিতা- মোঃ নবী বক্স সরদার, মাতা- মাসুদা বেগম, স্থায়ী ঠিকানাঃ- গ্রাম- পাপরাইল, ডাকঘর- ছয়গাঁও, থানা-ভেদরগঞ্জ, জেলা-শরিয়তপুর।

০২। শর্তাবলিঃ-

- (ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে নিয়োগপত্র জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবে এবং নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (খ) এ নিয়োগ চাকরির প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে তার কার্যকলাপ ও আচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। শিক্ষানবিশের মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তা সহ) শেষে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তাঁর চাকরি স্থায়ী করা হবে। শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারে;
- (গ) পাট অধিদপ্তরের নিয়োগ বিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলি প্রযোজ্য হবে;
- (ঘ) পুলিশ ডেরিফিকেশ প্রতবেদন, স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং মুক্তিযোদ্ধার তথ্যাদি সঠিক থাকায় এ নিয়োগ আদেশ প্রদান করা হলো। ভবিষ্যতে এ বিষয়ে কোন ভুল তথ্য প্রমানিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) তিনি যদি চাকরি থেকে ইস্তফা দিতে চান, যে তারিখ থেকে ইস্তফা দিবেন সে তারিখের ০১(এক) মাস পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষ-কে জানাতে হবে। অন্যথায় ১(এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ কর্তৃপক্ষ সমীপে জমা দিতে হবে;
- (চ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ছ) চাকরিতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি অঞ্জীকারনামা (বন্ড) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;
- (জ) সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় যোগদার পত্রের সাথে জমা দিতে হবে;
- (ঝ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ হায়দার আলী মোল্লা)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৩৭৫৫


Email:- jute2.motj@gmail.com

চলমান পাতা-০২

স্মারক নং:- ২৪.০০.০০০০.১১৯.১৮.০০৩.১২ (অংশ-১).১৪৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, করিম চেম্বার ভবন, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিবের মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। জনাব মোঃ জাহিদুল ইসলাম, পিতা- মোঃ নবী বক্স সরদার, মাতা- মাসুদা বেগম, স্থায়ী ঠিকানাঃ-গ্রাম- পাপরাইল, ডাকঘর-
ছয়গাঁও, থানা-ভেদরগঞ্জ, জেলা-শরিয়তপুর।
- ✓ ০৯। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব